

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, অক্টোবর ২৬, ২০২২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় রাজস্ব বোর্ড  
[ মূসক আইন ও বিধি শাখা ]  
আদেশ

নং-২/মূসক/২০২২ তারিখ : ০৪ কার্তিক, ১৪২৯ বঙ্গাব্দ/২০ অক্টোবর, ২০২২ খ্রিষ্টাব্দ।

বিষয় : প্লাস্টিক বর্জ্য হতে রি-সাইক্লিং এর মাধ্যমে প্লাস্টিক দানা (এইচ এস কোড ৩৯.০২) উৎপাদনের ক্ষেত্রে যতসংখ্যক পর্যায় রয়েছে তার প্রতিটি পর্যায়ে আরোপণীয় মূল্য সংযোজন কর (মূসক) অব্যাহতি।

সূত্র : প্রাণ-আরএফএল গ্রুপের ১৩ জুলাই/২০২২ খ্রিষ্টাব্দ এর আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের প্রতি দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। সূত্রীয় পত্রের মাধ্যমে, অভ্যন্তরীণ সম্পদ বিভাগের এস,আর,ও নং-১৬৩-আইন/২০২২/১৭৬-মূসক, তারিখ ০১-০৬-২০২২ইং মোতাবেক Heading No. 39.02 এর বিপরীতে প্লাস্টিক বর্জ্য থেকে রি-সাইক্লিং এর মাধ্যমে প্লাস্টিক দানা উৎপাদনের লক্ষ্যে কোনো প্রতিষ্ঠান কর্তৃক মধ্যবর্তী পণ্য (Intermediate goods) হিসেবে অসমান, ছোট আকৃতির প্লাস্টিকের টুকরা বা চিপস উৎপাদন করা হলে উক্ত ক্ষেত্রে মূল্য সংযোজন কর অব্যাহতির বিষয়ে ব্যাখ্যা প্রদানের জন্য অনুরোধ করা হয়েছে।

০৩। বিষয়টি পর্যালোচনায় দেখা যায় যে,

(ক) প্লাস্টিক বর্জ্য থেকে রি-সাইক্লিং এর মাধ্যমে প্লাস্টিক দানা (Heading No. 39.02 এর সংশ্লিষ্ট H.S Code) উৎপাদনের ক্ষেত্রে কয়েকটি ধাপ রয়েছে। প্লাস্টিক বর্জ্য সংগ্রহ করে রং ও ক্যাটাগরি অনুযায়ী বাছাই করে উহা ভালভাবে ধুয়ে মেশিনের সাহায্যে অসমান ছোট আকৃতির টুকরা বা চিপসের আকার দেয়া হয়। প্লাস্টিক দানা উৎপাদনের ক্ষেত্রে এটি মধ্যবর্তী পণ্য (Intermediate goods)। উক্ত মধ্যবর্তী পণ্য রি-সাইক্লিং মেশিনের সাহায্যে গলিয়ে চূড়ান্ত প্লাস্টিক দানা উৎপাদন করা হয়।

(১৭০৪১)

মূল্য : টাকা ৪.০০

- (খ) অভ্যন্তরীণ সম্পদ বিভাগের এস.আর.ও নং-১৬৩-আইন/২০২২/১৭৬-মূসক, তারিখ, ০১-০৬-২০২২ ইং মোতাবেক প্লাস্টিক বর্জ্য সরবরাহের ক্ষেত্রে যোগানদার ( সেবা কোড S০৩৭.০০) সেবার উপর এবং Heading No. 39.02 এর আওতায় প্লাস্টিক দানার (প্লাস্টিক বর্জ্য থেকে রি-সাইক্লিং এর মাধ্যমে উৎপাদনের ক্ষেত্রে) উপর উৎপাদন পর্যায়ে আরোপণীয় মূসক অব্যাহতি প্রদান করা হয়েছে।
- (গ) যেহেতু প্লাস্টিক বর্জ্য সরবরাহের ক্ষেত্রে যোগানদার (সেবা কোড S০৩৭.০০) সেবার উপর আরোপণীয় মূসক হতে অব্যাহতি প্রদান করা হয়েছে এবং প্লাস্টিক দানার (প্লাস্টিক বর্জ্য থেকে রি-সাইক্লিং এর মাধ্যমে উৎপাদনের ক্ষেত্রে) উৎপাদন পর্যায়ে মূসক অব্যাহতি প্রদান করা হয়েছে, সেহেতু, প্লাস্টিক বর্জ্য সংগ্রহ হতে রি-সাইক্লিং এর মাধ্যমে প্লাস্টিক দানা (Heading No. 39.02 এর সংশ্লিষ্ট H.S Code) উৎপাদন পর্যন্ত বিদ্যমান স্তরসমূহের প্রতিটি পর্যায়ে মূসক অব্যাহতি প্রযোজ্য হওয়া সমীচীন।

০৪। বর্ণিতাবস্থায়, প্লাস্টিক বর্জ্য সংগ্রহ হতে রি-সাইক্লিং এর মাধ্যমে প্লাস্টিক দানা (Heading No. 39.02 এর সংশ্লিষ্ট H.S Code) উৎপাদন পর্যন্ত বিদ্যমান স্তরসমূহের প্রতিটি পর্যায়ে মূল্য সংযোজন কর হতে অব্যাহতি প্রযোজ্য হবে। বিষয়টি নির্দেশক্রমে অবহিত করা হলো। মূল্য সংযোজন করা ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এর বিধি ১১৮-ক এ প্রদত্ত ক্ষমতাবলে এ ব্যাখ্যাপত্র জারি করা হলো।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

কাজী রেজাউল হাসান  
দ্বিতীয় সচিব (মূসক আইন ও বিধি)।